Biddabari
your success benchmark

# ৭টি নিয়োগ বিজ্ঞপ্তি

# একসাথে!

আবেদন লিংকসমূহ নিচে

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
www.bpsc.gov.bd

যে কোন তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচনা করা হবে

নম্বর : ৮০.০০.০০০০.২০০.৪৬.০৮৭.২৫-২০৭

তারিখ : ১৪ শ্রাবণ ১৪৩২ বঙ্গাব্দ
২৯ জুলাই ২০২৫ খ্রিস্টাব্দ

# সংশোধিত বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের ২১ জুলাই ২০২৫ খ্রিস্টাব্দ তারিখের ৮০.০০.০০০০.২০০.৪৬.০৮৭.২৫-১৯৮ নম্বর স্মারকের মাধ্যমে ৪৯তম বি.সি.এস. (বিশেষ) পরীক্ষা-২০২৫ এর বিজ্ঞপ্তি জারি করা হয়েছে। উক্ত বিজ্ঞপ্তির কিছু সংখ্যক কোড এবং নির্দেশনা নিম্নোক্তভাবে সংশোধন করা হলো:

**ক. বি.সি.এস. (সাধারণ শিক্ষা): সরকারি সাধারণ কলেজসমূহের জন্য**

| বিজ্ঞপ্তির ক্রমিক নম্বর | ক্যাডারের নাম | পদের নাম | শিক্ষাগত যোগ্যতার বিষয় কোড | লিখিত পরীক্ষার পদ সংশ্লিষ্ট বিষয়ের কোড |
|---|---|---|---|---|
| ১. | বি.সি.এস. (সাধারণ শিক্ষা):<br>(ক) সরকারি সাধারণ কলেজসমূহের জন্য | ৫. প্রভাষক (অর্থনীতি) | ১১৮ | ৩৩১ |
| | | | ৭০২* | |
| | | ১৯. প্রভাষক (ব্যবস্থাপনা) | ১৩৭ | ৭৩১ |
| | | | ৬৯৮* | |
| | | ২০. প্রভাষক (ফিনান্স ও ব্যাংকিং) | ১০৯ | ৭১১ |
| | | | ১২১ | |
| | | | ৭০০* | |
| | | ২৬. প্রভাষক (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি) | ১১৪ | ৯৭১ |
| | | | ৩০৪ | |
| | | | ৩২৪ | |
| | | | ৩০৬ | ৮৯২ |
| | | | ১৩২ | ২৮১ |
| | | | ৩৩২ | |
| | | | ৩৪৯ | |
| | | | ৩৫১ | |
| | | | ৩৬৩ | |
| | | | ৩৬৪ | |
| | | | ৩৬৫ | |
| | | | ৩৬৬ | |
| | | | ৬৯৯* | |

**খ. বি.সি.এস. (সাধারণ শিক্ষা): সরকারি শিক্ষক প্রশিক্ষণ কলেজসমূহের জন্য**

| বিজ্ঞপ্তির ক্রমিক নম্বর | ক্যাডারের নাম | পদের নাম | শিক্ষাগত যোগ্যতার বিষয় কোড | লিখিত পরীক্ষার পদ সংশ্লিষ্ট বিষয়ের কোড |
|---|---|---|---|---|
| ২. | বি.সি.এস. (সাধারণ শিক্ষা):<br>(খ) সরকারি শিক্ষক প্রশিক্ষণ কলেজসমূহের জন্য | ০৯. প্রভাষক (ইসলামিক আদর্শ) | ১৩১ | ২০১ |
| | | | ৭০১* | |

*সংশ্লিষ্ট বিষয়সমূহের সমতুল্য বিষয়ের জন্য প্রযোজ্য।

২.০ মূল বিজ্ঞপ্তির ১.২ অনুচ্ছেদের সাথে নিম্নের অংশটুকু সংযুক্ত হবে:

"সমতুল্য সনদের ক্ষেত্রে স্ব স্ব বিশ্ববিদ্যালয়ের যথাযথ কর্তৃপক্ষ (রেজিস্ট্রার/পরীক্ষা নিয়ন্ত্রক) কর্তৃক স্বাক্ষরিত সনদ লাগবে যেখানে বিশ্ববিদ্যালয় একাডেমিক কাউন্সিলের সিদ্ধান্তের রেফারেন্স উল্লেখ থাকতে হবে।"

৩.০ বিজ্ঞপ্তিটি বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের www.bpsc.gov.bd ওয়েবসাইটে পাওয়া যাবে।

২৮/৭/২০২৫

মাসুমা আফরীন
পরীক্ষা নিয়ন্ত্রক (ক্যাডার)

# ইসলামিক ফাউন্ডেশন

## প্রশাসন বিভাগ

### প্রশাসন শাখা

### ধর্ম বিষয়ক মন্ত্রণালয়

আগারগাঁও, শেরেবাংলানগর, ঢাকা-১২০৭

www.islamicfoundation.gov.bd

স্মারক নং- ১৬.০২.০০০০.০০১.১১.০২৬.২৩- ২৭৯                                                            তারিখ : ২৭ জুলাই ২০২৫

## নিয়োগ বিজ্ঞপ্তি

ইসলামিক ফাউন্ডেশন-এর রাজস্বখাতভুক্ত নিম্নবর্ণিত শূন্যপদসমূহে অস্থায়ী ভিত্তিতে সরাসরি নিয়োগের জন্য পদের পার্শ্বে বর্ণিত শর্তে প্রকৃত বাংলাদেশি নাগরিকদের নিকট হতে অনলাইনে (http://ifb.teletalk.com.bd ওয়েবসাইটে) পূরণকৃত আবেদনপত্র আহবান করা যাচ্ছে। অনলাইন (online) ব্যতিত কোন আবেদন গ্রহণ করা হবে না।

| ক্রমিক নং | পদের নাম ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | বয়স | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ১. | ফার্মাসিস্ট<br>১২৫০০-৩০২৩০/-(১১তম গ্রেড) | অনুর্ধ ৩২ বছর | ০৯ (নয়) স্থায়ী পদ | স্নাতক ডিগ্রী বা সমমানের মাদ্রাসা ডিগ্রীসহ ফার্মাসিস্ট ডিপ্লোমা। |
| ২. | হোমিওপ্যাথ<br>১২৫০০-৩০২৩০/-(১১তম গ্রেড) | অনুর্ধ ৩২ বছর | ০২ (দুই) স্থায়ী পদ | Bangladesh Homeopathic Practitioners Ordinance, 1983 (XLI of 1983)-এর অধীন স্বীকৃত হোমিওপ্যাথিক ইনস্টিটিউশন কর্তৃক প্রদত্ত ডিগ্রী বা ডিপ্লোমা। |
| ৩. | লাইব্রেরী সহকারী<br>১২৫০০-৩০২৩০/-(১১তম গ্রেড) | অনুর্ধ ৩২ বছর | ০৩ (তিন) স্থায়ী পদ | ফাজিল অথবা কামিলসহ লাইব্রেরী সাইন্সে ডিপ্লোমা এবং ক্যাটালগার তৈরির কাজে ৩(তিন) বৎসরের অভিজ্ঞতা। |
| ৪. | রেফারেন্স সহকারী<br>১২৫০০-৩০২৩০/-(১১শ গ্রেড) | অনুর্ধ ৩২ বছর | ০১ (এক) স্থায়ী পদ | ফাজিল অথবা কামিলসহ লাইব্রেরী সাইন্সে ডিপ্লোমা এবং ক্যাটালগার তৈরির কাজে ৩(তিন) বৎসরের অভিজ্ঞতা। |
| ৫. | লাইনো মেশিনম্যান<br>১২৫০০-৩০২৩০/-(১১তম গ্রেড) | অনুর্ধ ৩২ বছর | ০১ (এক) স্থায়ী পদ | সংশ্লিষ্ট ক্ষেত্রে ৩(তিন) বৎসরের অভিজ্ঞতাসহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা দাখিল পাশ। |
| ৬. | হোমিও কম্পাউন্ডার (ইসলামিক মিশন)<br>১১৩০০-২৭৩০০/-(১২তম গ্রেড) | অনুর্ধ ৩২ বছর | ১৪ (চৌদ্দ) স্থায়ী পদ | Bangladesh Homeopathic Practitioners Ordinance, 1983 (XLI of 1983)-এর অধীন স্বীকৃত হোমিওপ্যাথিক ইনস্টিটিউশন কর্তৃক প্রদত্ত হোমিওপ্যাথিতে ডিপ্লোমাসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা আলীম পাশ। |
| ৭. | লেডী ফার্মাসিস্ট<br>১১৩০০-২৭৩০০/-(১২তম গ্রেড) | অনুর্ধ ৩২ বছর | ০৮ (আট) স্থায়ী পদ | উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা আলীম পাশসহ প্যারামেডিক্যাল বা সংশ্লিষ্ট বিষয়ে ডিপ্লোমা। |
| ৮. | স্টেনোগ্রাফার<br>১১০০০-২৬৫৯০/-(১৩তম গ্রেড) | অনুর্ধ ৩২ বছর | ০১ (এক) স্থায়ী পদ | (ক) উচ্চ মাধ্যমিক বা আলীম পাশ।<br>(খ) সাঁটলিপিতে প্রতি মিনিটে ইংরেজী ও বাংলায় যথাক্রমে ৮০ (আশি) ও ৫০ (পঞ্চাশ) শব্দের গতি।<br>(গ) টাইপিং এ প্রতি মিনিটে ইংরেজী ও বাংলায় যথাক্রমে ৩০ (ত্রিশ) ও ২৫ (পঁচিশ) শব্দের গতি। |
| ৯. | হিসাবরক্ষক<br>১১০০০-২৬৫৯০/-(১৩তম গ্রেড) | অনুর্ধ ৩২ বছর | ৩২ (বত্রিশ) স্থায়ী পদ | বাণিজ্য বিষয়ে স্নাতক ডিগ্রীসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে ৩(তিন) বৎসরের অভিজ্ঞতা। |
| ১০. | কেয়ারটেকার (ইপ্রএ)<br>১১০০০-২৬৫৯০/-(১৩তম গ্রেড) | অনুর্ধ ৩২ বছর | ০২ (দুই) অস্থায়ী পদ | সংশ্লিষ্ট ক্ষেত্রে ৩(তিন) বছরের বাস্তব অভিজ্ঞতাসহ স্নাতক ডিগ্রী বা সমমানের মাদ্রাসা ডিগ্রী। |
| ১১. | প্রশিক্ষণ সহকারী<br>১১০০০-২৬৫৯০/-(১৩তম গ্রেড) | অনুর্ধ ৩২ বছর | ০৬ (ছয়) অস্থায়ী পদ | ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক ডিগ্রী বা সমমানের মাদ্রাসা ডিগ্রী;<br>খ) সরকারী, আধা-সরকারী বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে ৫ বৎসরের চাকুরীর অভিজ্ঞতা ;<br>গ) দ্বীনি শিক্ষায় শিক্ষিত প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে। |
| ১২. | অপারেটর<br>১১০০০-২৬৫৯০/-(১৩তমগ্রেড) | অনুর্ধ ৩২ বছর | ০২ (দুই) স্থায়ী পদ | সংশ্লিষ্ট ক্ষেত্রে ৩(তিন) বৎসরের অভিজ্ঞতাসহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা দাখিল পাশ। |
| ১৩. | মেশিনম্যান<br>১১০০০-২৬৫৯০/-(১৩তম গ্রেড) | অনুর্ধ ৩২ বছর | ০৫ (পাঁচ) স্থায়ী পদ | সংশ্লিষ্ট ক্ষেত্রে ৩(তিন) বৎসরের অভিজ্ঞতাসহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা দাখিল পাশ। |
| ১৪. | মনোকাস্টার<br>১১০০০-২৬৫৯০/-(১৩তম গ্রেড) | অনুর্ধ ৩২ বছর | ০১ (এক) স্থায়ী পদ | সংশ্লিষ্ট ক্ষেত্রে ৩(তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতাসহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা দাখিল পাশ। |
| ১৫. | ল্যাবরেটরী টেকনিশিয়ান<br>১০২০০-২৪৬৮০/-(১৪শ গ্রেড) | অনুর্ধ ৩২ বছর | ০৫ (পাঁচ) স্থায়ী পদ | উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা আলীম পাশসহ ল্যাবরেটরী টেকনিশিয়ান কোর্সে ডিপ্লোমা সার্টিফিকেট। |
| ১৬. | মুয়াজ্জিন<br>১০২০০-২৪৬৮০/-(১৪তম গ্রেড) | অনুর্ধ ৩২ বছর | ০১ (এক) স্থায়ী পদ | সংশ্লিষ্ট ক্ষেত্রে ৩(তিন) বৎসরের অভিজ্ঞতাসহ আলীম বা সমমানের শিক্ষাগত যোগ্যতাসহ ইলমে কিরাতে সার্টিফিকেট। |

| ক্রমিক নং | পদের নাম ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | বয়স | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ১৭. | প্লেন মেকার<br>১০২০০-২৪৬৮০/-(১৪তম গ্রেড) | অনূর্ধ্ব ৩২ বছর | ০১ (এক)<br>স্থায়ী পদ | সংশ্লিষ্ট ক্ষেত্রে ৫(পাঁচ) বৎসরের অভিজ্ঞতাসহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা দাখিল পাশ। |
| ১৮. | ব্লক মেকার<br>১০২০০-২৪৬৮০/-(১৪তম গ্রেড) | অনূর্ধ্ব ৩২ বছর | ০১ (এক)<br>স্থায়ী পদ | সংশ্লিষ্ট ক্ষেত্রে ৩(তিন) বৎসরের অভিজ্ঞতাসহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা দাখিল পাশ। |
| ১৯. | সিকিউরিটি সুপারভাইজার<br>১০২০০-২৪৬৮০/-(১৪তম গ্রেড) | অনূর্ধ্ব ৩২ বছর | ০১ (এক)<br>স্থায়ী পদ | সংশ্লিষ্ট ক্ষেত্রে ৩(তিন) বৎসরের অভিজ্ঞতাসহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা দাখিল পাশ এবং সেনাবাহিনীর সুবেদার পদমর্যাদাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। |
| ২০. | স্টোর কিপার<br>৯৭০০-২৩৪৯০/-(১৫তম গ্রেড) | অনূর্ধ্ব ৩২ বছর | ০৩ (তিন)<br>অস্থায়ী পদ - ০২<br>স্থায়ী পদ - ০১ | সংশ্লিষ্ট ক্ষেত্রে ২(দুই) বৎসরের বাস্তব অভিজ্ঞতাসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা আলীম পাশ। |
| ২১. | বিক্রয় সহকারী<br>৯৭০০-২৩৪৯০/-(১৫তম গ্রেড) | অনূর্ধ্ব ৩২ বছর | ১৬(ষোল)<br>স্থায়ী পদ | উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা আলীম পাশ। |
| ২২. | ড্রাইভার<br>৯৭০০-২৩৪৯০/-(১৫তম গ্রেড) | অনূর্ধ্ব ৩২ বছর | ০৪ (চার)<br>স্থায়ী পদ | অষ্টম শ্রেণী পাশসহ ভারী ও হালকা মোটরযান চালনায় বৈধ লাইসেন্স ও অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে। |
| ২৩. | কম্পোজিটর<br>৯৭০০-২৩৪৯০/-(১৫তম গ্রেড) | অনূর্ধ্ব ৩২ বছর | ০৮ (আট)<br>স্থায়ী পদ | মাধ্যমিক সার্টিফিকেট বা দাখিল পাশসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞতা অতিরিক্ত যোগ্যতা বলে গণ্য হবে। |
| ২৪. | মেকানিক কাম ফিটিং কাম অপারেটর<br>৯৭০০-২৩৪৯০/-(১৫তম গ্রেড) | অনূর্ধ্ব ৩২ বছর | ০১ (এক)<br>স্থায়ী পদ | সংশ্লিষ্ট ক্ষেত্রে ৩(তিন) বৎসরের অভিজ্ঞতাসহ ৮ম শ্রেণী পাশ বা মাদ্রাসা বোর্ডের সমমানের শিক্ষাগত যোগ্যতা। |
| ২৫. | পেইজমেকার<br>৯৭০০-২৩৪৯০/-(১৫তম গ্রেড) | অনূর্ধ্ব ৩২ বছর | ০২ (দুই)<br>স্থায়ী পদ | সংশ্লিষ্ট ক্ষেত্রে ৩(তিন) বৎসরের অভিজ্ঞতাসহ ৮ম শ্রেণী পাশ বা সমমানের মাদ্রাসা শিক্ষা। |
| ২৬. | কম্পাউন্ডার (হোমিও)<br>৯৭০০-২৩৪৯০/-(১৫তম গ্রেড) | অনূর্ধ্ব ৩২ বছর | ০১ (এক)<br>স্থায়ী পদ | উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা আলীম পাশসহ Bangladesh Homeopathic Practitioners Ordinance, 1983 (XLI of 1983) এর অধীন স্বীকৃত কোন হোমিওপ্যাথিক ইনস্টিটিউশন কর্তৃক প্রদত্ত হোমিওপ্যাথিতে ডিপ্লোমা বা সার্টিফিকেট। |
| ২৭. | স্যানিটারী ইন্সপেক্টর<br>৯৭০০-২৩৪৯০/-(১৫তম গ্রেড) | অনূর্ধ্ব ৩২ বছর | ০১ (এক)<br>স্থায়ী পদ | উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা আলীম পাশসহ সংশ্লিষ্ট বিষয়ে স্বীকৃত কোন প্রতিষ্ঠান হতে ট্রেড কোর্সধারী হতে হবে। |
| ২৮. | হিসাব সহকারী<br>৯৩০০-২২৪৯০/-(১৬তম গ্রেড) | অনূর্ধ্ব ৩২ বছর | ১১ (এগারো)<br>স্থায়ী পদ | উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা আলীম পাশসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে ৪(চার) বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। |
| ২৯. | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>৯৩০০-২২৪৯০/-(১৬তম গ্রেড) | অনূর্ধ্ব ৩২ বছর | ৭৪<br>(চুয়াত্তর)<br>অস্থায়ী পদ - ০৪<br>স্থায়ী পদ - ৭০ | উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা আলীম পাশ। প্রতি মিনিটে মুদ্রাক্ষর লিখনে বাংলায় ২০ এবং ইংরেজীতে ২৮ শব্দের গতি।<br>বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে আবেদনের বয়সসীমা সর্বোচ্চ ৪০ (চল্লিশ) বছর। |
| ৩০. | রেকর্ড এবং ডেসপাচ সহকারী<br>৯৩০০-২২৪৯০/-(১৬তম গ্রেড) | অনূর্ধ্ব ৩২ বছর | ০২ (দুই)<br>স্থায়ী পদ | মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা দাখিল পাশ। |
| ৩১. | এল.ডি.এ কাম হিসাব সহকারী<br>৯৩০০-২২৪৯০/-(১৬তম গ্রেড) | অনূর্ধ্ব ৩২ বছর | ০১ (এক)<br>স্থায়ী পদ | বাণিজ্য বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা আলীম পাশ। |
| ৩২. | রেন্ট কালেক্টর<br>৯৩০০-২২৪৯০/- (১৬তম গ্রেড) | অনূর্ধ্ব ৩২ বছর | ০১ (এক)<br>স্থায়ী পদ | উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা আলীম পাশ। |
| ৩৩. | প্রুফ রিডার (প্রেস)<br>৯৩০০-২২৪৯০/-(১৬তম গ্রেড) | অনূর্ধ্ব ৩২ বছর | ০৩ (তিন)<br>স্থায়ী পদ | সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞতাসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা আলীম পাশ। |
| ৩৪. | এপ্রেনটিস (প্রেস)<br>৯৩০০-২২৪৯০/-(১৬তম গ্রেড) | অনূর্ধ্ব ৩২ বছর | ০৪ (চার)<br>স্থায়ী পদ | অষ্টম শ্রেণী পাস বা সমমানের মাদ্রাসা শিক্ষা (উচ্চতর শিক্ষাগত যোগ্যতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে)। |
| ৩৫. | ইলেকট্রিশিয়ান<br>৯৩০০-২২৪৯০/-(১৬তম গ্রেড) | অনূর্ধ্ব ৩২ বছর | ০২ (দুই)<br>স্থায়ী পদ | স্বীকৃত ইলেক্ট্রিক্যাল ফার্মে মটর ষ্টার্টার এর ইলেকট্রিক্যাল যন্ত্রপাতি ওয়েল্ডিং কাজে ৩(তিন) বৎসরের অভিজ্ঞতাসহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা দাখিল পাশ ইলেকট্রিক্যাল লাইসেন্সিং বোর্ড হতে বি,সি লাইসেন্সধারী। |
| ৩৬. | খাদেম<br>৯৩০০-২২৪৯০/-(১৬তম গ্রেড) | অনূর্ধ্ব ৩২ বছর | ০৮ (আট)<br>স্থায়ী পদ | আলীম পাশ। |
| ৩৭. | অডিও ভিজ্যুয়েল অপারেটর<br>৮৮০০-২১৩১০/-(১৮তম গ্রেড) | অনূর্ধ্ব ৩২ বছর | ০৫ (পাঁচ)<br>অস্থায়ী পদ | মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা দাখিল পাশসহ প্রজেক্টর পরিচালনায় এবং সংশ্লিষ্ট মেশিনপত্র সংরক্ষণে ৩(তিন) বৎসরের অভিজ্ঞতা। |
| ৩৮. | মেস ক্লিনার<br>৮৫০০-২০৫৭০/-(১৯তম গ্রেড) | অনূর্ধ্ব ৩২ বছর | ০১ (এক)<br>স্থায়ী পদ | অষ্টম শ্রেণি পাস বা সমমানের মাদ্রাসা শিক্ষা। |
| ৩৯. | অফিস সহায়ক<br>৮২৫০-২০০১০/-(২০তম গ্রেড) | অনূর্ধ্ব ৩২ বছর | ৮৫ (পঁচাশি)<br>অস্থায়ী পদ - ০২<br>স্থায়ী পদ - ৮৩ | অষ্টম শ্রেণি পাস বা সমমানের মাদ্রাসা শিক্ষা। |

| ক্রমিক নং | পদের নাম ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | বয়স | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ৪০. | নিরাপত্তা প্রহরী ৮২৫০-২০০১০/-(২০তম গ্রেড) | অনূর্ধ্ব ৩২ বছর | ০৯ (নয়) স্থায়ী পদ | অষ্টম শ্রেণি পাস বা সমমানের মাদ্রাসা শিক্ষা। সামরিক বাহিনী, পুলিশ বাহিনী বা আনসার বাহিনীর অবসরপ্রাপ্ত সদস্যগণকে অগ্রাধিকার দেয়া হবে। |
| ৪১. | পরিচ্ছন্নতা কর্মী ৮২৫০-২০০১০/-(২০তম গ্রেড) | অনূর্ধ্ব ৩২ বছর | ১২ (বারো) স্থায়ী পদ | অষ্টম শ্রেণি পাস। হরিজন সম্প্রদায়ের প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। |
| ৪২. | বাবুর্চি ৮২৫০-২০০১০/-(২০তম গ্রেড) | অনূর্ধ্ব ৩২ বছর | ০৭ (সাত) স্থায়ী পদ | সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞতাসহ প্রার্থীকে বাংলায় লিখতে ও পড়তে সক্ষম হতে হবে। |
| ৪৩. | সহকারী বাবুর্চি ৮২৫০-২০০১০/-(২০তম গ্রেড) | অনূর্ধ্ব ৩২ বছর | ০৬ (ছয়) স্থায়ী পদ | সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞতাসহ প্রার্থীকে বাংলায় লিখতে ও পড়তে সক্ষম হতে হবে। |

০২। নিম্নবর্ণিত শর্তাবলী আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অত্যাবশ্যকীয়ভাবে অনুসরণীয় :

(১) প্রার্থীকে http://ifb.teletalk.com.bd এই লিংকে প্রবেশ করে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত নির্ধারিত আবেদনপত্র অনলাইনে পূরণ করে আবেদন করতে হবে।

(২) প্রযোজ্যক্ষেত্রে সরকার ঘোষিত সমমানের ডিগ্রী গ্রহণযোগ্য হবে।

(৩) অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলী

(ক) আবেদনের সময়সীমা নিম্নরূপ :

(i) Online-এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময় : ৩০ জুলাই ২০২৫ খ্রি. তারিখ সকাল ১০:০০ ঘটিকা

(ii) Online-এ আবেদনপত্র পূরণের শেষ তারিখ ও সময় : ২৬ আগস্ট ২০২৫ খ্রি. তারিখ বিকাল ০৫:০০ ঘটিকা পর্যন্ত।

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে SMS-এ পরীক্ষার ফি জমা দিবেন।

(খ) Online আবেদনপত্রে প্রার্থী তার রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৩০০ Pixel) ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৮০ Pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ ১০০ KB ও স্বাক্ষরের সাইজ ৬০ KB এর মধ্যে হতে হবে।

(গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোনো প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

(ঙ) SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান : Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি ও স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit সম্পন্ন হলে ছবিসহ Application Preview দেখা যাবে। যদি Applicant's Copy তে কোন তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/ সম্পূর্ণ সাদা/ঘোলা/ঘষা মাজা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে আবেদন ফি জমা না দিয়ে থাকলেই কেবল পুনরায় (ওয়েবে) আবেদন করতে পারবেন। উল্লেখ্য যে, আবেদন ফি জমাদানের পরে আর কোন পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's Copy তে তার সাম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর সংযুক্ত থাকা ও এর সঠিকতার বিষয়টি PDF Copy ডাউনলোডপূর্বক নিশ্চিত করে প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's Copy তে একটি User ID দেয়া থাকবে এবং User ID ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk Pre-Paid Mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই)টি SMS করে আবেদন ফি বাবদ ক্রমিক নং-০১ থেকে ০৭ ক্রমিক এর জন্য আবেদন ফি বাবদ ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ১৮ (আঠার) টাকাসহ (অফেরতযোগ্য) মোট ১৬৮ (একশত আটষট্টি) টাকা, ক্রমিক নং- ০৮ থেকে ৩৬ এর জন্য আবেদন ফি বাবদ ১০০/- (একশত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ১২ (বার) টাকাসহ (অফেরতযোগ্য) মোট ১১২ (একশত বার) টাকা এবং ক্রমিক নং-৩৭ থেকে ৪৩ এর জন্য আবেদন ফি বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ৬ (ছয়) টাকা অফেরতযোগ্য অর্থাৎ মোট ৫৬/-(ছাপ্পান্ন) টাকা ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে জমা দিবেন। তবে, সকল গ্রেডের অনগ্রসর (ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গ) প্রার্থীগণ পরীক্ষার ফি বাবদ ৫০/-(পঞ্চাশ) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ ৬/-টাকাসহ (অফেরতযোগ্য) মোট ৫৬/-(ছাপ্পান্ন) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও আবেদন ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।"

চ) একই পদের আবেদনে প্রযোজ্য ক্ষেত্রে স্থায়ী পদ/অস্থায়ী পদ উল্লেখ করতে হবে।

প্রথম SMS: IFB <Space> User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: IFB ABCDEF & send to 16222

Reply: Applicant's Name, TK. 223/112/56 will be charged as application fee. Your PIN is 12345678. To Pay Fee Type IFB<Space>Yes PIN and send to 16222.

দ্বিতীয় SMS: IFB <Space>Yes<Space>PIN লিখে send করতে হবে 16222 নম্বরে।

Example: IFB Yes 12345678 & send to 16222

Reply: Congratulations Applicant's Name, Payment completed successfully for IFB

Application for xxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxx)

(ঝ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি **http://ifb.teletalk.com.bd** ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থী প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষনিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

(ঞ) SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক প্রিন্ট করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।

(ট) শুধুমাত্র Teletalk Pre-Paid Mobile নম্বর থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন।

(i) User ID জানা থাকলে:

IFB <Space>**Help**<Space>**User**<Space>**User ID** and Send to 16222.

Example: IFB Help USER ABCDEF & send to 16222

(ii) PIN Number জানা থাকলে:

IFB <Space>**Help**<Space>**PIN**<Space>**PIN No** and Send to 16222

Example: IFB Help PIN 12345678 & send to 16222.

(ঠ) বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও ধর্ম বিষয়ক মন্ত্রণালয় এর ওয়েবসাইটে www.islamicfoundation.gov.bd এ বিজ্ঞপ্তিসহ এ সংক্রান্ত সকল তথ্য দেখা যাবে। অথবা QR-Code স্ক্যান এর মাধ্যমে টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে।

(ড) অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ নম্বর অথবা alljobs.query@teletalk.com.bd ও ad1.admin@islamicfoundation.gov.bd মেইলে, এছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেইসবুক পেজ https://www.facebook.com/alljobsbdTeletalk এ মেসেজ এর মাধ্যমেও যোগাযোগ করা যাবে। (মেইল/মেসেজে এর Subject-এ Organization Name: islamicfoundation, Post Name:******, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)। আবেদনে উল্লিখিত শেষ তারিখ ও সময়ের পর আবেদন সংক্রান্ত কোন অভিযোগ গ্রহণযোগ্য হবে না।

(ঢ) অনলাইনে আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে করবেন। এক্ষেত্রে অন্য কোন মাধ্যম থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

(৩) কোটা সংক্রান্ত সরকারের সর্বশেষ জারিকৃত প্রজ্ঞাপন অনুসরণ করা হবে।

(৪) একজন ব্যক্তি একই গ্রেডভুক্ত একাধিক পদে আবেদন করতে পারবেন না (১-৫,৬-৭, ৮-১৪,১৫-১৯, ২০-২৭, ২৮-৩৬, ৩৯-৪৩)

(৫) বয়সসীমা : ১ জুলাই ২০২৫ খ্রি. তারিখে আবেদনকারীর নূন্যতম ও সর্বোচ্চ বয়স হবে ১৮-৩২ বৎসর।

(৬) জাতীয়তা :

ক. প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের প্রকৃত নাগরিক হতে হবে।

খ. সরকারের পূর্বানুমতি ব্যতিরেকে কোন প্রার্থী কোন বিদেশী নাগরিককে বিবাহ করে থাকলে বা বিবাহ করার জন্য প্রতিজ্ঞাবদ্ধ হলে তিনি আবেদন করার জন্য অযোগ্য বলে বিবেচিত হবেন।

(৭) সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় অনুমতির কপি প্রদর্শন করতে হবে।

(৮) মৌখিক পরীক্ষার সময় নিম্নোক্ত কাগজপত্র দাখিল করতে হবে :

ক) জাতীয় পরিচয়পত্রের (NID) সত্যায়িত কপি ;

খ) প্রার্থী মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তান হলে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত ২৬/০২/২০০২খ্রি. তারিখের মুঃবিঃমঃ/সনদ-১/প্র-১/২০০২/০২ নং প্রজ্ঞাপন মোতাবেক মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ইস্যুকৃত সনদ অথবা ১৯৯৭ হতে ২০০১খ্রি. পর্যন্ত তৎকালীন মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রতিস্বাক্ষরিত এবং মুক্তিযোদ্ধা সংসদ কর্তৃক ইস্যুকৃত পিতা/মাতার মুক্তিযোদ্ধা সনদপত্রের সত্যায়িত ২ কপি অবশ্যই জমা দিতে হবে। উল্লেখ্য, মুক্তিবার্তা/গেজেটের ২টি করে সত্যায়িত কপি মুক্তিযোদ্ধা সনদের সঙ্গে দাখিল করতে হবে। মুক্তিযোদ্ধা সনদের ২টি সত্যায়িত ফটোকপির উপর প্রার্থীর নাম ও রোল নম্বর এবং মুক্তিবার্তা/গেজেট নম্বর স্পষ্ট অক্ষরে লিখতে হবে।

গ) বাছাই/লিখিত/ব্যবহারিক পরীক্ষায় প্রবেশপত্রের কপি ;

ঘ) শারীরিক প্রতিবন্ধী কোটায় প্রার্থীদের সমাজসেবা অধিদপ্তরাধীন জেলা সমাজসেবা কার্যালয়/উপজেলা সমাজসেবা কার্যালয়/শহর সমাজসেবা কার্যালয় কর্তৃক প্রদত্ত পরিচয়পত্র (আইডি কার্ড) এবং তৃতীয় লিঙ্গের প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলার সিভিল সার্জন কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত কপি দাখিল করতে হবে।

ঙ) ০৩(তিন) কপি পাসপোর্ট সাইজের সদ্য তোলা সত্যায়িত রঙিন ছবি ;

চ) নাগরিক সনদের সত্যায়িত কপি ;

ছ) কোনো প্রার্থী বিদেশ হতে তার অর্জিত কোনো ডিগ্রিকে উল্লিখিত পদসমূহের পার্শ্বে বর্ণিত কোনো শিক্ষাগত যোগ্যতার সমমানের বলে দাবি করলে তাকে সে মর্মে সংশ্লিষ্ট ইকুইভ্যালেন্স কমিটি কর্তৃক প্রদত্ত ইকুইভ্যালেন্স সনদের মূলকপি এবং সত্যায়িত কপি মৌখিক পরীক্ষার সময় সাক্ষাৎকার বোর্ডে অবশ্যই দাখিল করতে হবে।

(৯) ৭ নম্বর অনুচ্ছেদের বর্ণনামতে সকল তথ্য ও কাগজপত্রসহ সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সংক্রান্ত সার্টিফিকেটের মূল সনদপত্র এবং সত্যায়িত কপি ও ছবি মৌখিক পরীক্ষার বোর্ডে জমা দিতে হবে। অন্যথায় মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে না।

(১০) অনলাইন-এ পূরণকৃত মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধা ও বীরঙ্গনা/ক্ষুদ্র নৃ-গোষ্ঠী/শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের কোটায় প্রার্থীতা দাবি না করলে পরবর্তীতে নতুন করে কোনো কোটার প্রার্থীতা দাবি গ্রহণযোগ্য হবে না।

(১১) কোন প্রার্থী যদি ফৌজদারি আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দণ্ডিত হন কিংবা কোন সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে বা স্থানীয় কর্তৃপক্ষের চাকরি থেকে বরখাস্ত হয়ে থাকেন তবে তিনি আবেদন করার জন্য যোগ্য বলে বিবেচিত হবেন না এবং তথ্য গোপন রেখে আবেদন করলে বিধি অনুযায়ী আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

(১২) আবেদনপত্রে নাম, জন্ম তারিখ ও অন্য কোনোরূপ Substantive ত্রুটি থাকলে পরবর্তী সময়ে সংশোধনের কোনো সুযোগ থাকবে না। Substantive ত্রুটির কারণে প্রার্থিতা বাতিল হবে।

(১৩) স্টেনোগ্রাফার পদের ক্ষেত্রে লিখিত পরীক্ষা এবং সাঁট-লিপি/মুদ্রাক্ষর/কম্পিউটার এ্যাপটিটিউট টেস্টে উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হবেন।

(১৪) কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি/ বাতিল কিংবা বিধি মোতাবেক নিয়োগ সংক্রান্ত যে কোন পরিবর্তন করার অধিকার সংরক্ষণ করে।

(১৫) লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার সময়সূচী www.islamicfoundation.gov.bd ওয়েবসাইটে প্রকাশ করা হবে। ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার জন্য আলাদাভাবে কোন সাক্ষাৎকারপত্র প্রেরণ করা হবে না।

(১৬) নিয়োগ সংক্রান্ত সকল বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(১৭) অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে আবেদন এর ক্ষেত্রে বিভাগীয় প্রার্থীদের বয়স ৪০ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বিভাগীয় প্রার্থী তথা ইসলামিক ফাউন্ডেশনে কর্মরত প্রার্থীদের সকল শর্ত পূরণ সাপেক্ষে আবেদন ফরম পূরণের সময় Departmental Candidate এর ঘরে টিক চিহ্ন দিতে হবে। অন্য প্রার্থীদের ক্ষেত্রে এই শর্ত প্রযোজ্য নয়।

(১৮) প্রার্থীকে পরীক্ষা কেন্দ্রে স্বাস্থ্যবিধি মেনে পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

(১৯) ইসলামিক ফাউন্ডেশনের (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী বিধিমালা, ১৯৯৮ অস্পষ্টতা থাকলে প্রযোজ্য সরকারি বিধি বিধান অনুসরণ করা হবে ।

(২০) ডিক্লারেশন: প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোনো অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

মোহাম্মদ ইসমাইল হোসেন
সচিব
(যুগ্মসচিব)
ইসলামিক ফাউন্ডেশন

ইসলামিক ফাউন্ডেশন এর ওয়েবসাইটে প্রবেশ এর QR Code

ইসলামিক ফাউন্ডেশন এর টেলিটক পোর্টালে প্রবেশ এর QR Code

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র অধিদপ্তর
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বিটিএমসি ভবন (১০ম তলা)
৭-৯, কাওরান বাজার, ঢাকা-১২১৫।
www.dot.gov.bd

নম্বর : ২৪.০২.০০০০.০০০.০০১.১১.০০০১.২৫-৮৭০

তারিখ: ০৯ শ্রাবণ ১৪৩২ / ২৪ জুলাই ২০২৫

## নিয়োগ বিজ্ঞপ্তি

বস্ত্র ও পাট মন্ত্রণালয়াধীন বস্ত্র অধিদপ্তর ও এর নিয়ন্ত্রণাধীন বিভিন্ন কার্যালয়/শিক্ষা প্রতিষ্ঠানসমূহের জন্য রাজস্ব খাতভুক্ত নিয়োগযোগ্য শূন্য পদের বিপরীতে জাতীয় বেতনস্কেল, ২০১৫ এর ১৩তম থেকে ২০তম গ্রেডভুক্ত নিম্নোক্ত পদসমূহে অস্থায়ীভাবে সরাসরি জনবল নিয়োগের লক্ষ্যে পদের পার্শ্বে বর্ণিত শর্তে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে অনলাইনে (http://dotr.teletalk.com.bd ওয়েবসাইটে) আবেদনপত্র আহবান করা যাচ্ছে:

| ক্রঃ নং | পদের নাম, গ্রেড ও বেতনস্কেল | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ১. | কম্পিউটার অপারেটর<br>গ্রেড-১৩<br>১১০০০-২৬৫৯০/- | ০৬<br>(ছয়) টি<br>(স্থায়ী-২, অস্থায়ী-৪) | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বিজ্ঞান বিভাগে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২৫ শব্দ এবং ইংরেজিতে ৩০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test-এ উত্তীর্ণ হইতে হইবে। |
| ২. | টেইলার মাস্টার<br>গ্রেড-১৩<br>১১০০০-২৬৫৯০/- | ০৬<br>(ছয়) টি<br>(স্থায়ী-৩, অস্থায়ী-৩) | কোন স্বীকৃত ইনস্টিটিউট হইতে ড্রেস মেকিংসহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (ভোকেশনাল) টেক্সটাইল কোর্স পাশ এবং সংশ্লিষ্ট ক্ষেত্রে ০৩ (তিন) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা। |
| ৩. | উচ্চমান সহকারী<br>গ্রেড-১৪<br>১০২০০-২৪৬৮০/- | ৯ (নয়) টি<br>(স্থায়ী-১, অস্থায়ী-৮) | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>(গ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২৫ শব্দ এবং ইংরেজীতে ৩০ শব্দের গতি। |
| ৪. | আর্টিস্ট ডিজাইনার<br>গ্রেড-১৪<br>১০২০০-২৪৬৮০/- | ০৩<br>(তিন) টি<br>স্থায়ী | (ক) কোন স্বীকৃত ইনস্টিটিউট হইতে টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বা টেকনোলজি বিষয়ে ডিপ্লোমা; অথবা<br>(খ) কোন স্বীকৃত ইনস্টিটিউট হইতে মেকানিক্যাল ট্রেড কোর্স পাশসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে ৫(পাঁচ) বছরের বাস্তব কর্ম অভিজ্ঞতা। |
| ৫. | প্যাটার্ণ ডিজাইনার<br>গ্রেড-১৪<br>১০২০০-২৪৬৮০/- | ০৫<br>(পাঁচ) টি<br>(স্থায়ী-৩, অস্থায়ী-২) | কোন স্বীকৃত বোর্ড বা ইনস্টিটিউট হইতে ফ্যাশন ডিজাইন বা ফাইন আর্টস এ ডিপ্লোমাসহ সংশ্লিষ্ট কাজে বাস্তব কর্ম অভিজ্ঞতা এবং কম্পিউটার চালনায় পারদর্শিতা। |
| ৬. | টেকনিক্যাল এসিসট্যান্ট<br>গ্রেড-১৬<br>৯৩০০-২২৪৯০/- | ১৭<br>(সতেরো) টি<br>(স্থায়ী-৫, অস্থায়ী-১২) | কোন স্বীকৃত ইনস্টিটিউট হইতে প্রথম বিভাগে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (ভোকেশনাল) টেক্সটাইল কোর্স পাশ। |
| ৭. | লাইব্রেরী এ্যাসিসটেন্ট<br>গ্রেড-১৬<br>৯৩০০-২২৪৯০/- | ০৫<br>(পাঁচ) টি<br>(স্থায়ী-১, অস্থায়ী-৪) | কোন স্বীকৃত বোর্ড হইতে দ্বিতীয় বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ গ্রন্থাগার বিজ্ঞানে সার্টিফিকেট কোর্স পাশ বা গ্রন্থাগার বিজ্ঞানে ডিপ্লোমা। |
| ৮. | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>গ্রেড-১৬<br>৯৩০০-২২৪৯০/- | ২০<br>(বিশ) টি<br>স্থায়ী | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>(গ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২০ শব্দ এবং ইংরেজীতে ২০ শব্দের গতি। |
| ৯. | ম্যাকানিক্স<br>গ্রেড-১৬<br>৯৩০০-২২৪৯০/- | ১৭<br>(সতেরো) টি<br>স্থায়ী | কোন স্বীকৃত ইনস্টিটিউট হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং ম্যাকানিকাল ট্রেড পাশসহ ৫(পাঁচ) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা। |

| ক্রঃ নং | পদের নাম, গ্রেড ও বেতনস্কেল | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ১০. | হিসাব সহকারী কাম ক্যাশিয়ার<br>গ্রেড-১৬<br>৯৩০০-২২৪৯০/- | ০২<br>(দুই) টি<br>স্থায়ী | কোন স্বীকৃত বোর্ড হইতে ব্যবসায় বাণিজ্য গ্রুপে দ্বিতীয় বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১১. | আর্টিষ্ট এসিসট্যান্ট<br>গ্রেড-১৬<br>৯৩০০-২২৪৯০/- | ০১<br>(এক) টি<br>স্থায়ী | অংকন ও চারুকলায় পারদর্শিতাসহ কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং অন্যূন ৩(তিন) বছরের বাস্তব কর্ম অভিজ্ঞতা। |
| ১২. | বয়লার অপারেটর<br>গ্রেড-১৬<br>৯৩০০-২২৪৯০/- | ০৫<br>(পাঁচ) টি<br>(স্থায়ী-১, অস্থায়ী-৪) | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ সংশ্লিষ্ট বিষয়ে সার্টিফিকেট কোর্স পাশ এবং ৫ বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা এবং বয়লার ইন্সপেক্টর কর্তৃক এ অথবা বি গ্রেড সার্টিফিকেটপ্রাপ্ত। |
| ১৩. | ইলেকট্রিশিয়ান<br>গ্রেড-১৬<br>৯৩০০-২২৪৯০/- | ০৪<br>(চার) টি<br>(স্থায়ী-৩, অস্থায়ী-১) | কোন স্বীকৃত বোর্ড হইতে দ্বিতীয় বিভাগে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ কোন স্বীকৃত ইনস্টিটিউট হইতে ইলেকট্রিক্যালে ট্রেড কোর্স পাশ এবং সংশ্লিষ্ট ক্ষেত্রে ৩ (তিন) বৎসরের অভিজ্ঞতাসহ ট্রেড সার্টিফিকেট ও বৈধ ইলেকট্রিশিয়ান লাইসেন্সধারী। |
| ১৪. | ল্যাবরেটরী এসিসট্যান্ট<br>গ্রেড-১৮<br>৮৮০০-২১৩১০/- | ১৫<br>(পনেরো) টি<br>অস্থায়ী | কোন স্বীকৃত বোর্ড হইতে বিজ্ঞান বিভাগ হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় উত্তীর্ণ অথবা কোন স্বীকৃত ইনস্টিটিউট হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (ভোকেশনাল) টেক্সটাইল কোর্স পাশ। |
| ১৫. | অফিস সহায়ক<br>গ্রেড-২০<br>৮২৫০-২০০১০/- | ৬৭<br>(সাতষট্টি) টি<br>(স্থায়ী-১৪, অস্থায়ী-৫৩) | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১৬. | নিরাপত্তা প্রহরী<br>গ্রেড-২০<br>৮২৫০-২০০১০/- | ০৫<br>(পাঁচ) টি<br>স্থায়ী | কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ অথবা অষ্টম শ্রেণী পাশসহ শারিরীকভাবে যোগ্য |
| ১৭. | মালি<br>গ্রেড-২০<br>৮২৫০-২০০১০/- | ০১<br>(এক) টি<br>স্থায়ী | কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ অথবা অষ্টম শ্রেণী পাশসহ সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা। |
| ১৮. | বাবুর্চি<br>গ্রেড-২০<br>৮২৫০-২০০১০/- | ০২<br>(দুই) টি<br>স্থায়ী | কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ অথবা অষ্টম শ্রেণী পাশসহ রান্নার কাজে ৩(তিন) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা। |

**০২। আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলি অবশ্যই অনুসরণ করতে হবে:**

ক. ০৪ আগস্ট ২০২৫ তারিখে প্রার্থীর বয়সসীমা ১৮-৩২ বছর হতে হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য হবে না;

খ. এই নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত ছকের ২, ৪, ৫, ৬, ৭, ৯, ১০, ১১, ১২, ১৩, ১৪, ১৬, ১৭ ও ১৮ নং ক্রমিকের শূন্য পদ পূরণে **"বস্ত্র পরিদপ্তর (কর্মকর্তা-ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৪"**, ১ নং ক্রমিকের শূন্য পদ পূরণে **"সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯"** এবং ৩, ৮ ও ১৫ নং ক্রমিকের শূন্য পদ পূরণে **"মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর, পরিদপ্তরের কমন পদ নিয়োগ বিধিমালা, ২০১৯"** অনুসরণ করা হবে। নিয়োগ সংক্রান্ত বিদ্যমান সরকারি যাবতীয় বিধি-বিধান/আদেশ/নিয়মাবলী এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধিতে কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে;

গ. সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। ৩, ৮ ও ১৫ নং ক্রমিকের পদের ক্ষেত্রে বিভাগীয় প্রার্থীদের আবেদন ফরম পূরণের সময় Departmental Candidate এর ঘরে টিক চিহ্ন দিতে হবে। অন্যান্য পদের প্রার্থীদের ক্ষেত্রে এই শর্ত প্রযোজ্য নয়। তবে সকল চাকরিরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি পত্রের মূল কপি জমা দিতে হবে। এক্ষেত্রে কোনো অগ্রিম কপি গ্রহণ করা হবে না;

ঙ. ১, ৩ ও ৮ নম্বর ক্রমিকে বর্ণিত পদের জন্য লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থী এবং ২, ৪, ৫, ৬, ৭, ৯, ১০, ১১, ১২, ১৩, ১৪, ১৫, ১৬, ১৭ ও ১৮ নম্বর ক্রমিকে বর্ণিত পদের জন্য লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষার জন্য যোগ্য হিসেবে বিবেচিত হবেন;

চ. মৌখিক পরীক্ষার সময় সংশ্লিষ্ট সকল শিক্ষাগত যোগ্যতার সনদ/প্রত্যয়ন/অনাপত্তিপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে এবং পূরণকৃত Application Form-সহ আবেদনে দাখিলকৃত সকল সনদ এবং প্রবেশপত্রসহ সত্যায়িত এক সেট ফটোকপি দাখিল করতে হবে। ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত নাগরিক সনদ প্রদান করতে হবে;

ছ. মুক্তিযোদ্ধা, শহীদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তানদের ক্ষেত্রে প্রমাণক হিসেবে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ জমা দিতে হবে;

জ. ক্ষুদ্র নৃ-গোষ্ঠী কোটায় আবেদনকারীদের ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ জমা দিতে হবে;

ঝ. শারিরীক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের কোটায় আবেদনকারীদের ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ জমা দিতে হবে;

ঞ. **প্রার্থীর যোগ্যতা যাচাই:** প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা বিজ্ঞপ্তিতে চাহিত ন্যূনতম শর্তের সাথে গরমিল/অসামঞ্জস্যতা পাওয়া গেলে/ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যে কোনো প্রার্থীর প্রার্থীতা পরীক্ষা চলাকালীন অথবা পরবর্তীতে যে কোনো সময়ে বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন;

ট. যদি কোন প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোনো ব্যক্তিকে বিয়ে করেন বা করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা কোনো ফৌজদারি আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দণ্ডিত হন তবে তিনি আবেদন করার জন্য যোগ্য বিবেচিত হবেন না;

ঠ. লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টিএ/ডিএ/ভাতা প্রদান করা হবে না;

ড. কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি ও বিজ্ঞপ্তি বাতিল কিংবা বিধি মোতাবেক নিয়োগ সংক্রান্ত যে কোনো পরিবর্তন করার অধিকার সংরক্ষণ করেন;

ঢ. নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান ও কোটা নীতি এবং পরবর্তীতে সংশ্লিষ্ট বিধি-বিধানে কোনরূপ সংশোধন হলে তা অনুসরণ করা হবে;

ণ. আবেদনের শর্তাবলিতে উল্লেখ করা হয়নি এরূপ ক্ষেত্রে সরকার কর্তৃক জারিকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে;

ত. অনলাইন (Online) ব্যতীত কোনো আবেদন গ্রহণ করা হবে না।

**০৩। অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও করণীয়:**

ক. পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি http://dotr.teletalk.com.bd ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

i. Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান **শুরুর তারিখ ও সময়:** ০৪ আগস্ট ২০২৫, সোমবার **সকাল-১০:০০ ঘটিকা।**

ii. Online-এ আবেদনপত্র জমাদানের **শেষ তারিখ ও সময়: ৩১ আগস্ট ২০২৫**, রবিবার **বিকাল-৫:০০ ঘটিকা।**
উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS-এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ. Online-এ আবেদনপত্রে প্রার্থী তাঁর রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৩০০ pixel) ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৮০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ, সর্বোচ্চ 100 KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60 KB হতে হবে;

গ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন;

ঘ. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙিন প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যেকোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন;

ঙ. <u>SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান:</u> Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনামতে ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পূর্ণ হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit সম্পন্নকারী প্রার্থী একটি User Id, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী Download পূর্বক রঙিন Print করে সংরক্ষণ করবেন। Applicant's copy তে একটি User Id নম্বর দেয়া থাকবে এবং User Id নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যেকোন Teletalk Pre-Paid Mobile নম্বরের মাধ্যমে দুটি SMS করে পরীক্ষার ফি বাবদ নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত ছকে ১ থেকে ১৩ ক্রমিকের জন্য পরীক্ষার ফি বাবদ ১০০ টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ ১২ (বারো) টাকাসহ **<u>মোট ১১২/- (একশত বারো) টাকা</u>** ও ১৪ থেকে ১৮ ক্রমিকের জন্য পরীক্ষার ফি বাবদ ৫০ টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ ৬ (ছয়) টাকাসহ **<u>মোট ৫৬/- (ছাপ্পান্ন)</u>** টাকা এবং অনগ্রসর নাগরিকদের সকল গ্রেডের ক্ষেত্রে পরীক্ষার ফি বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা ও টেলিটকের সার্ভিস চার্জ ৬ (ছয়) টাকাসহ **মোট ৫৬/- (ছাপ্পান্ন)** টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য, "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online-এ আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।"

প্রথম SMS: **DOTR**<space>**USER ID** লিখে send করতে হবে 16222 নম্বরে।
Example: **DOTR M27313** & send to 16222
**Reply:** Applicant's Name, TK-112/56 will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type DOTR<space>Yes<space>PIN and send to 16222

দ্বিতীয় SMS: **DOTR**<space>**YES**<space>**PIN** লিখে send করতে হবে 16222 নম্বরে।
Example: DOTR YES 12345678 and send to 16222
**Reply:** Congratulations Applicant's Name, Payment completed successfully for DOTR Application for (post name) User ID is (M27313) and password (xxxxxxx).

চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://dotr.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS করা এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়;

ছ. SMS এ প্রেরিত User Id এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন Print করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন;

জ. শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User Id এবং Password পুনরুদ্ধার করতে পারবেন;

i. **User ID জানা থাকলে DOTR**<space>**Help**<space>**User**<space>**User ID** & send to 16222.
Example: **DOTR Help User M27313** & send to 16222.

ii. **PIN Number জানা থাকলে DOTR**<space>**Help**<space>**PIN**<space>**PIN No** & send to 16222.
Example: **DOTR Help PIN 12345678** & send to 16222.

ঝ. বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও বস্ত্র অধিদপ্তরের ওয়েবসাইটে www.dot.gov.bd এ বিজ্ঞপ্তিসহ এতৎসংক্রান্ত সকল তথ্য দেখা যাবে। অথবা **QR Code** স্ক্যান এর মাধ্যমে টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd/dotr ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.dot.gov.bd ওয়েবসাইট হতে জানা যাবে;

ঞ. অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে teletalk নম্বর থেকে ১২১ অথবা alljobs.query@teletalk.com.bd বা ddadmin@dot.gov.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে। এছাড়া, টেলিটকের জবপোর্টাল এর ফেসবুক পেজ https://www.facebook.com/alljobsbdteletalk এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। (Mail/মেসেজ এর subject-এ Organization Name: DOTR Post Name:*****, Applicants User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে);

ট. **ডিক্লারেশন:** প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোনো অযোগ্যতা ধরা পড়লে বা কোন প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে অথবা নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

০৪। Online-এ আবেদন ও নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

২৪/০৭/২০২৫

আ,ন,ম তরিকুল ইসলাম
পরিচালক (যুগ্মসচিব) প্রশাসন ও অর্থ
ও
সভাপতি
বিভাগীয় নিয়োগ কমিটি

বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন

"পরমাণু ভবন"

ই-১২/এ, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

Website : www.baec.gov.bd

নং-৩৯.০১.০০০০.২১৯.১১.০০১.২৪-৭৮

০৮ শ্রাবণ ১৪৩২

তারিখঃ -------------------

২৩ জুলাই ২০২৫

## নিয়োগ বিজ্ঞপ্তি

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের ০১ জুন ২০২৫ খ্রি. তারিখের ৩৯.০০.০০০০.০০০.১০৬.১১.০০০৪.২৫.২০৫ সংখ্যক স্মারক অনুযায়ী বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনের শূন্য পদে নিম্ন-বর্ণিত পদসমূহে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে রাজস্বখাতে নিয়োগের লক্ষ্যে প্রকৃত বাংলাদেশি নাগরিকদের নিকট হতে অনলাইনে (https://baec.teletalk.com.bd ) ওয়েব সাইটের মাধ্যমে দরখাস্ত আহবান করা যাচ্ছে। অনলাইন (Online) ব্যতীত কোন আবেদন গ্রহণ করা হবে না:-

| ক্রঃ নং | পদের নাম, বেতন স্কেল ও গ্রেড | ২৮/০৭/২০২৫ খ্রি. তারিখে বয়স | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| ০১. | সাব-অ্যাসিসটেন্ট ইঞ্জিনিয়ার<br>১৬০০০-৩৮৬৪০/-(গ্রেড-১০) | ৩২(বত্রিশ) বছর | ২৮ (আটাশ) টি<br>সিভিল-১২<br>মেকানিক্যাল-০৩<br>ইলেকট্রিক্যাল ইঞ্জি:-১৩ | এসএসসি/এইচএসসি-তে ভাল ফলাফলসহ সিভিল/মেকানিক্যাল/ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং-এ প্রথম শ্রেণীর ডিপ্লোমা। |
| ০২. | টেকনিশিয়ান-১<br>১১০০০-২৬৫৯০/-(গ্রেড-১৩) | ৩২(বত্রিশ) বছর | ১০(দশ) টি | এইচএসসি (বিজ্ঞান) অথবা সরকার অনুমোদিত কোন প্রতিষ্ঠান হতে ন্যূনতম ০৬ (ছয়) মাসের ট্রেড কোর্স সার্টিফিকেটসহ এসএসসি (বিজ্ঞান)। |
| ০৩. | অফিস অ্যাসিসটেন্ট কাম-কম্পিউটার টাইপিস্ট<br>১১০০০-২৬৫৯০/-(গ্রেড-১৩) | অনূর্ধ্ব ৩২(বত্রিশ) বছর তবে বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৪০ (চল্লিশ) বছর পর্যন্ত শিথিল যোগ্য। | ১৩ (তের) টি | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএ তে স্নাতক বা সমমানের ডিগ্রী;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং কম্পিউটার-এ ওয়ার্ড প্রসেসিংসহ টাইপিং এ প্রতি মিনিটে সর্বনিম্ন ইংরেজিতে ৩০ এবং বাংলায় ২৫ শব্দের গতি থাকতে হবে। |
| ০৪. | স্টেনোগ্রাফার-কাম কম্পিউটার অপারেটর<br>১১০০০-২৬৫৯০/-(গ্রেড-১৩) | অনূর্ধ্ব ৩২(বত্রিশ) বছর তবে বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৪০ (চল্লিশ) বছর পর্যন্ত শিথিল যোগ্য। | ০৪(চার) টি | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএ তে স্নাতক বা সমমানের ডিগ্রী;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং সাঁটলিপিতে প্রতি মিনিটে সর্বনিম্ন ইংরেজিতে ৮০ ও বাংলায় ৫০ শব্দের গতি সম্পন্ন এবং কম্পিউটারে ওয়ার্ড প্রসেসিং/ডাটা এন্ট্রি ও টাইপিং এ বাংলা ও ইংরেজিতে কমপক্ষে প্রতি মিনিটে যথাক্রমে ২৫ ও ৩০ শব্দের গতি থাকতে হবে। |
| ০৫. | টেকনিশিয়ান-২<br>৯৭০০-২৩৪৯০/-(গ্রেড-১৫) | ৩২(বত্রিশ) বছর | ০৩(তিন) টি | এইচএসসি (বিজ্ঞান) অথবা সরকার অনুমোদিত কোন প্রতিষ্ঠান হতে ন্যূনতম ০৬ (ছয়) মাসের ট্রেড কোর্স সার্টিফিকেটসহ এসএসসি (বিজ্ঞান)।<br>অথবা<br>সরকার অনুমোদিত কোন প্রতিষ্ঠান হতে ন্যূনতম ০৬(ছয়) মাসের ট্রেড কোর্স সার্টিফিকেট প্রাপ্ত এবং সংশ্লিষ্ট কাজে ০৪(চার) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। |
| ০৬. | সায়েন্টিফিক অ্যাসিসটেন্ট-২<br>৯৭০০-২৩৪৯০/-(গ্রেড-১৫) | ৩২(বত্রিশ) বছর | ৪১(একচল্লিশ) টি | এইচএসসি (বিজ্ঞান) অথবা সরকার অনুমোদিত কোন প্রতিষ্ঠান হতে ন্যূনতম ০৬ (ছয়) মাসের ট্রেড কোর্স সার্টিফিকেটসহ এসএসসি (বিজ্ঞান)।<br>অথবা<br>সরকার অনুমোদিত কোন প্রতিষ্ঠান হতে ন্যূনতম ০৬(ছয়) মাসের ট্রেড কোর্স সার্টিফিকেট প্রাপ্ত এবং সংশ্লিষ্ট কাজে ০৪(চার) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। |
| ০৭. | কম্পিউটার টাইপিস্ট-কাম-অফিস অ্যাসিসটেন্ট<br>৯৭০০-২৩৪৯০/-(গ্রেড-১৫) | অনূর্ধ্ব ৩২ (বত্রিশ) বছর তবে বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৪০ (চল্লিশ) বছর পর্যন্ত শিথিল যোগ্য। | ০৬(ছয়) টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং কম্পিউটারে ওয়ার্ড প্রসেসিং/ডাটা এন্ট্রি ও টাইপিং-এ বাংলা ও ইংরেজিতে কমপক্ষে প্রতি মিনিটে যথাক্রমে ২০ ও ২০ শব্দের গতি থাকতে হবে। |

(অ-পৃ-দ্র:)

| ক্রঃ নং | পদের নাম, বেতন স্কেল ও গ্রেড | ২৮/০৭/২০২৫ খ্রি. তারিখে বয়স | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| ০৮. | কম্পিউটার টাইপিস্ট<br>৯৩০০-২২৪৯০/-(গ্রেড-১৬) | অনূর্ধ্ব ৩২ (বত্রিশ) বছর তবে বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৪০ (চল্লিশ) বছর পর্যন্ত শিথিল যোগ্য। | ১৯(উনিশ) টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএ তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং কম্পিউটারে ওয়ার্ড প্রসেসিং/ডাটা এন্ট্রি ও টাইপিং-এ বাংলা ও ইংরেজিতে কমপক্ষে প্রতি মিনিটে যথাক্রমে ২০ ও ২০ শব্দের গতি থাকতে হবে। |
| ০৯. | টেকনিক্যাল হেলপার<br>৮,৮০০-২১৩১০/-(গ্রেড-১৯) | ৩২(বত্রিশ) বছর | ০৯(নয়) টি | এসএসসি (বিজ্ঞান) বা অনুমোদিত প্রতিষ্ঠান হতে ট্রেড সার্টিফিকেট প্রাপ্ত। |
| ১০. | জেনারেল অ্যাটেনডেন্ট-২<br>৮২৫০-২০০১০/-(গ্রেড-২০) | ৩২(বত্রিশ) বছর | ২৭(সাতাশ) টি | অষ্টম শ্রেণী পাস। |
| ১১. | সিকিউরিটি অ্যাটেনডেন্ট-২<br>৮২৫০-২০০১০/-(গ্রেড-২০) | ৩৫(পঁয়ত্রিশ) বছর | ১৭(সতের) টি | নিরাপত্তা কাজে অভিজ্ঞতাসম্পন্ন প্রতিরক্ষা বাহিনী হতে অবসরপ্রাপ্ত। |
| ১২. | স্যানিটারী অ্যাটেনডেন্ট-২<br>৮২৫০-২০০১০/-(গ্রেড-২০) | ৩২(বত্রিশ) বছর | ০৫(পাঁচ) টি | অষ্টম শ্রেণী পাস। |

**নিম্নবর্ণিত শর্তাবলী আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অবশ্যই অনুসরণ করতে হবে:-**

| | |
|---|---|
| ১. | দরখাস্ত দাখিলের ক্রমিক নং-০১, ০২, ০৫, ০৬, ০৯, ১০ ও ১২ এ বর্ণিত পদে সর্বশেষ ২৮/০৭/২০২৫ খ্রি. তারিখে প্রার্থীর বয়সসীমা ১৮ হতে অনূর্ধ্ব ৩২ বছর এবং ক্রমিক নং-১১ এ বর্ণিত পদের বয়সসীমা ১৮ হতে অনূর্ধ্ব ৩৫ বছরের মধ্যে হতে হবে। তাছাড়া, ক্রমিক নং-০৩, ০৪, ০৭ ও ০৮-এ বর্ণিত পদের বয়সসীমা ১৮ হতে অনূর্ধ্ব ৩২ বছর তবে বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৪০ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোনো অ্যাফিডেভিট গ্রহণযোগ্য হবে না। |
| ২. | প্রার্থী বাছাইকালে সরকারের যাবতীয় বিধি-বিধান/আদেশ এবং আনুষ্ঠানিকতা যথাযথভাবে অনুসরন করা হবে। |
| ৩. | সর্বনিম্ন চাহিত ডিগ্রীর ক্ষেত্রে পরীক্ষায় অবতীর্ণ (অ্যাপিয়ার্ড) প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই। |
| ৪. | জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৩ জুলাই, ২০২৪ খ্রি. তারিখের নং-০৫.০০.০০০০.১৭০.১১.০১৪.২৪-১৪১ সংখ্যক প্রজ্ঞাপন অনুযায়ী মেধা কোটায়, মুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তানদের কোটা, ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর কোটা এবং শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের কোটা সংরক্ষন করা হবে। |
| ৫. | সরকারি/আধাসরকারি/স্বায়ত্তশাসিত সংস্থায় কর্মরত প্রার্থীদের পদবী, বেতন স্কেল ও মূল বেতন উল্লেখপূর্বক যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। |
| ৬. | নিয়োগপ্রাপ্ত হলে ঢাকাসহ ঢাকার বাহিরে অবস্থিত বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনের বিভিন্ন কেন্দ্র/প্রতিষ্ঠান/ইনস্টিটিউটসমূহে চাকরি করতে ইচ্ছুক প্রার্থীগণই সংশ্লিষ্ট পদগুলোতে আবেদন করতে পারবেন। |
| ৭. | নিয়োগ পরীক্ষা ও নিয়োগ সংক্রান্ত যে কোনো বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। |
| ৮. | কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি/বাতিল করার অধিকার সংরক্ষণ করেন। |
| ৯. | লিখিত/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না। |
| ১০. | উপরে উল্লেখ করা হয়নি এমন ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে। |
| ১১. | পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্য বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনের website: www.baec.gov.bd-তে পাওয়া যাবে। |
| ১২. | Online-এ আবেদনপত্র পূরণ সংক্রান্ত নির্দেশাবলী:- |

ক. আগ্রহী প্রার্থীগণ https://baec.teletalk.com.bd এ ওয়েবসাইটে গিয়ে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

(i) Online-এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ২৮/০৭/২০২৫ খ্রি. সকাল-১০:০০টা।

(ii) Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ২৮/০৮/২০২৫ খ্রি., বিকাল-০৫:০০ টা।

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস-এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

